গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাপাহার, নওগাঁ।

তারিখ ঃ ০৫/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নং- ০৫.৪৩.৬৪৮৬.০০০.০৭.০০২.২৩- ৯৩

## সাপাহার উপজেলাধীন হাট-বাজার ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা বিজ্ঞপ্তি

(১ম/২য়/৩য় পর্যায় পর্যন্ত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার ১৪৩০ বাংলা সনের জন্য দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ সংস্থার নিকট থেকে নিম্ন-বর্ণিত শর্তে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**"হাট-বাজারের তফশীল"**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | অবস্থান (ইউপি) | বাংলা ১৪৩০ সালের সরকারী সম্ভাব্য ইজারা মূল্য | প্রতিসেট সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) | দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | সাপাহার হাট-বাজার | সাপাহার | ১,৬৮,১২,৯০৭/- | ৩৪২০০/- | ১ম পর্যায় ২৮/০২/২০২৩ খ্রিঃ | ১ম পর্যায় ০১/০৩/২০২৩ খ্রিঃ |
| ২ | মীরাপাড়া দিঘীরহাট | গোয়ালা | ১,৫৪,২৩,৭০৫/- | ৩১৪০০/- | ২য় পর্যায় ১৩/০৩/২০২৩ খ্রিঃ | ২য় পর্যায় ১৪/০৩/২০২৩ খ্রিঃ |
| ৩ | উমইল হাট | শিরন্টি | ৩১,৭৩,৮১৬/- | ৬৮০০/- | ৩য় পর্যায় ২৭/০৩/২০২৩ খ্রিঃ | ৩য় পর্যায় ২৮/০৩/২০২৩ খ্রিঃ |
| ৪ | আশড়ন্দ হাট | আইহাই | ২,১৫,৪৬২/- | ১২০০/- | | |
| ৫ | মধইল হাট | আইহাই | ২,১৮,৩৮১/- | ১২০০/- | | |
| ৬ | তিলনা হাট | তিলনা | ৯২,৬০৮/- | ৫০০/- | | |
| ৭ | নিশ্চিন্তপুর হাট | গোয়ালা | ৭,২৬১/- | ৫০০/- | | |

বিঃদ্রঃ ১ম পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ যাবে। অনুরুপভাবে ২য় পর্যায়ে কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হলে ৩য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ যাবে। এভাবে ৩য় পর্যায় পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে এবং কাঙ্খিত দর না পাওয়া গেলে খাস আদায়ের পাশাপাশি জেলা প্রশাসক মহোদয়ের সিদ্ধান্ত গ্রহণের পর কার্যক্রম গ্রহণ করা হবে।

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থানঃ** জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ / উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার এর কার্যালয়/উপজেলা ভূমি অফিস,সাপাহার /সোনালী ব্যাংক, সাপাহার শাখায় (ছুটির দিন ব্যতিত) পাওয়া যাবে।

**দরপত্র সিডিউল দাখিলের সময়ঃ** সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত।

**দরপত্র সিডিউল দাখিলের স্থান সমূহঃ** জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ/ উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার এর কার্যালয়/উপজেলা ভূমি অফিস, সাপাহার এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে।

**দরপত্র খোলার তারিখ ও সময়ঃ** দরপত্র দাখিলের দিন বেলা ১.১৫ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (দরপত্র দাতা যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। হাট- বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার এর কার্যালয় থেকে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে আগ্রহী দরদাতাগণ ইচ্ছে করলে সরাসরি জানতে পারবেন।

### শর্তাবলীঃ

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩০ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশীল ব্যাংকের "ব্যাংক ড্রাফটের" মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ' এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হবে।

চলমান পাতা-০২

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ নং কোডে এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নং কোডে অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে তবে উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ ও একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আব্দুল্যাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
সাপাহার, নওগাঁ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক,নওগাঁ।
৫। পুলিশ সুপার, নওগাঁ।
৬। উপ-পরিচালক, স্হানীয় সরকার, নওগাঁ।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),নওগাঁ।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার..............................(সকল), নওগাঁ।
২। সহকারী কমিশনার(ভূমি)..................................(সকল), নওগাঁ।
৩। অফিসার ইন চার্জ, সাপাহার থানা।
৪। উপজেলা..........................অফিসার, সাপাহার, নওগাঁ।
৫। চেয়ারম্যান................................(সকল)ইউপি,সাপাহার,নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ জানানো হলো।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.........................ইউনিয়ন ভূমি অফিস, সাপাহার, নওগাঁ। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার অন্তে জারীর প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।
৭। ইজারাদার....................................হাট। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ জানানো হলো।
৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..................................................পত্রিকা- তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটির হাট-বাজারের তালিকাসহ অংশটুকু সীমিত পরিসরে (শর্তাবলী ব্যতিত) আগামী ......................খ্রিঃ বা তার পূর্বে ১(এক) দিন পত্রিকায় প্রকাশ করে পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।